

৪.	একজন বন্দির সাথে সর্বোচ্চ ২ জন সাক্ষাৎ প্রার্থী দেখা করতে পারবে এবং স্বাস্থ্যবিধি মেনে সাক্ষাতের বিষয়টি নিশ্চিতকরণ।	সর্বোচ্চ ১ জন সাক্ষাৎপ্রার্থীকে অনুমতি প্রদান করা।
৫.	স্বাস্থ্যবিধি মেনে 'No Mask, No Entry' এবং 'No Mask, No Service' বিষয়টি সাক্ষাতকালে নিশ্চিত করণ। সাক্ষাৎ প্রার্থীগণের কারাগার চত্বরে অবস্থানকালীন মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব নিশ্চিত করণ।	কারাবন্দি ও সাক্ষাতপ্রার্থীদের মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে। কারাবন্দিদের জন্য মাস্ক কারা অধিদপ্তর কর্তৃক সরবরাহ করতে হবে। কথা বলার সময়ও মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে।
৬.	সাক্ষাতকালে দর্শনার্থীদের অনুরূপ বন্দিদের মাস্ক পরিধান বাধ্যতামূলক করণ।	দর্শনার্থী এবং বন্দিদের মাস্ক পরিধান বাধ্যতামূলক করা।
৭.	সাক্ষাৎ কক্ষের ভিতর, বাহির ও আরপি গেটের সামনে সাক্ষাতের পূর্বে বন্দি এবং দর্শনার্থীদের হাত এবং পা ক্লোরিন মিশ্রিত পানি/স্যানিটাইজার দিয়ে জীবাণুমুক্ত করার ব্যবস্থা নিশ্চিত করণ।	সংশ্লিষ্ট স্থানে সাক্ষাতের পূর্বে ক্লোরিন মিশ্রিত পানি/স্যানিটাইজার দিয়ে জীবাণুমুক্ত নিশ্চিত করা।
৮.	কারাগারে আরপি গেটে দর্শনার্থীদের শরীরের তাপমাত্রা মাপা নিশ্চিত করা। তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি হলে বা সর্দি, কাশি ইত্যাদি লক্ষণ থাকলে কারা এলাকায় প্রবেশ করতে না দেয়া।	কারাগারের মেইন প্রবেশদ্বারে অতিরিক্ত তাপমাত্রা, সর্দি, কাশি ইত্যাদির লক্ষণ সম্বলিত কোন দর্শনার্থী পাওয়া গেলে তাকে কারা এলাকায় প্রবেশ করতে না দেয়া। প্রতিদিন সাক্ষাতপ্রার্থীদের আনুপাতিক হার বিবেচনা করে পর্যায়ক্রমে কারাগারের মেইন প্রবেশদ্বার থেকে সাক্ষাতপ্রার্থীদের প্রবেশের সুযোগ দেয়া এবং অবশিষ্টদেরকে মেইন প্রবেশদ্বারে অপেক্ষমান রাখা।
৯.	প্রতিটি ব্যাচ সাক্ষাৎ শেষে সাক্ষাৎ কক্ষ সম্পূর্ণরূপে জীবাণুমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করা।	প্রতি সাক্ষাৎকার শেষে সাক্ষাৎকক্ষ জীবাণুমুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা।
১০.	বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় সাক্ষাতের সময়সীমা সর্বোচ্চ ১৫ মিনিট নির্ধারণ করা। কোন অবস্থাতেই এ সময়সীমা বর্ধিত না করা;	সর্বোচ্চ ১০ মিনিট সময়সীমা নির্ধারণ করা।
১১.	যে কোন ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হলে বা অব্যাহিত কথা বলার চেষ্টা করলে তাৎক্ষণিকভাবে সাক্ষাৎ বন্ধ করে দেয়া।	অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হলে তাৎক্ষণিক সাক্ষাৎ বন্ধ করে দেয়া।
১২.	সাক্ষাৎ কক্ষের ভেতর ও বাহিরে সার্বক্ষণিক সিসি ক্যামেরার আওতায় যথাযথ মনিটরিং এর ব্যবস্থা নিশ্চিত করা।	সার্বক্ষণিক সিসি ক্যামেরার আওতায় মনিটরিং এর ব্যবস্থা নিশ্চিত করা।
বিশেষ শ্রেণির বন্দিদের মোবাইল ফোনে কথা বলা সংক্রান্ত		
১.	বর্তমান পরিস্থিতিতে ১৫ দিনে একবার জেএমবি, দুর্ধর্ষ/নৃশংস অপরাধ, সন্ত্রাসবিরোধী, শীর্ষ সন্ত্রাসী, রাষ্ট্রবিরোধী ও যুদ্ধাপরাধী বন্দিদের মোবাইল ফোনে কথা বলার সুযোগ বিবেচনা করা।	
২.	জেএমবি, সন্ত্রাসী, শীর্ষ সন্ত্রাসী, রাষ্ট্রবিরোধী ও যুদ্ধাপরাধী বন্দিদের মোবাইলে কথা বলার সময় কারা কর্তৃপক্ষের পক্ষে ডেপুটি জেলার এর উপস্থিতি নিশ্চিত করা।	
৩.	বিশেষ শ্রেণির বন্দিদের কথা বলার নির্ধারিত তারিখ, সময় ও যারা কথা বলবে তার বিস্তারিত তথ্যাদি (জাতীয় পরিচয়পত্রের ছায়াছবি সহ) নির্ধারিত সময়ের পূর্বেই কারা কর্তৃপক্ষের নিকট প্রদান নিশ্চিত, যেন কারা কর্তৃপক্ষ/গোয়েন্দা সংস্থাগুলো কথোপকথন মনিটরিং করতে পারে। বন্দির স্বজনকে কারা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কারা এলাকায় প্রবেশ করিয়ে কথা বলার সুযোগ দেয়া।	

৩০/১০/২০